বহি নং- 001 ক্রমিক নং-018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শ্রম অধিদপ্তর

# প্রধান কার্যালয়, ঢাকা।

ফরম-৬০

[ধারা ১৮৯ এবং বিধি ১৭২(২) দ্রষ্টব্য ]

রেজিস্ট্রিকরণের প্রত্যয়নপত্র

রেজিঃ নং বি-২২০৭

এতদদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, বাংলাদেশের বিভিন্ন এলাকায় নির্মাণ শিল্পের ট্রেড ইউনিয়নের সমন্বয়ে গঠিত-

(ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনের নাম) "বাংলাদেশ নির্মাণ শ্রমিক ফেডারেশন"

~~প্রতিষ্ঠান~~/প্রতিষ্ঠানপুঞ্জে কর্মরত শ্রমিকদের/~~মালিকদের~~ প্রতিনিধিত্বকারী ..........

ঠিকানা ৩০, উত্তর যাত্রা, মেইন রোড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা-১২১৪- কে

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৮৯ এবং বিধি ১৭২(২) অনুযায়ী ~~ট্রেড ইউনিয়ন~~/ফেডারেশন/~~কনফেডারেশন~~ হিসাবে নাম নিবন্ধন করা হইল।

তারিখ: ১৪/১২/২০২০

মহাপরিচালক এর নামসহ সীল

তারিখ : এ.কে.এম. মিজানুর রহমান
মহাপরিচালক
শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

# জ্ঞাতব্য বিষয়

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (অদ্যাবধি সংশোধিত) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর কতিপয় বিশেষ পালনীয় বিধি-বিধান;

(১) প্রত্যেক রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনকে দেশের প্রচলিত আইনের প্রতি অনুগত থাকিতে হইবে;

(২) প্রত্যেক রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনকে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী সদস্যদের রেজিস্টার, হিসাব খাতা, কার্যবিবরণী খাতাসহ সকল রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে এবং মহাপরিচালকের নিকট চাহিদা অনুযায়ী দাখিল করিতে হইবে;

(৩) প্রত্যেক রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (অদ্যাবধি সংশোধিত) এর ২০১(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১৭৬ নং বিধি অনুযায়ী ট্রেড ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনের প্রতি বৎসরের হিসাব বিবরণী নির্ধারিত ফরমে পরবর্তী বৎসরের এপ্রিল মাসের ৩০ তারিখ শেষ হইবার পূর্বে মহাপরিচালকের নিকট দাখিল করিতে হইবে;

(৪) প্রত্যেক রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন/কনফেডারেশনকে উহার অনুমোদিত সংবিধান যথাযথভাবে মানিয়া চলিতে হইবে;

(৫) রেজিস্টার্ড ট্রেড ইউনিয়নের কোন সদস্যের একই সময়ে একাধিক ইউনিয়নের সদস্য থাকা দন্ডনীয় অপরাধ;

(৬) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (অদ্যাবধি সংশোধিত) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এ প্রণীত বিধিমালা এবং নিবন্ধিত সংবিধান লংঘন করিলে এবং খাতাপত্র বহি যথাযথভাবে সংরক্ষণ না করিলে ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন আইনতঃ বাতিলযোগ্য হইবে।

CamScanner